



বিপিএল অনির্দিষ্টকালের জন্য স্থগিত করেছে বিসিবি



সংগৃহীত ছবি

ক্রিকেটারদের দাবির চাপেই বিসিবি পরিচালক এম নাজমুল ইসলামকে অর্থ কমিটির চেয়ারম্যানের দায়িত্ব থেকে সরানো হয়েছে। একই সঙ্গে বোর্ড জানিয়ে দেয়, নির্দিষ্ট সময়ের মধ্যে খেলোয়াড়রা মাঠে না ফিরলে এবারের বিপিএল স্থগিত করা হবে।

কোয়াব ও ক্রিকেটাররা নিজেদের অবস্থানে অটল থাকায় পরিস্থিতি আরও জটিল হয়। ম্যাচ বর্জন অব্যাহত থাকায় শেষ পর্যন্ত বিসিবি চলমান বিপিএল অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা করতে বাধ্য হয়।

বৃহস্পতিবার ১৫ জানুয়ারি ঢাকা পর্ব শুরু হওয়ার কথা থাকলেও শুরু থেকেই অনিশ্চয়তা তৈরি হয়। নির্ধারিত সময়েও কোনো ম্যাচ মাঠে গড়ায়নি, বিকেলের খেলাও অনুষ্ঠিত হয়নি। এই অচলাবস্থার মধ্যেই বোর্ড স্থগিতের সিদ্ধান্ত নেয়।

LENS ASIA